



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pro@bhbc.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'র নতুন ৪ মহাব্যবস্থাপক

সম্প্রতি অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এর উপ-মহাব্যবস্থাপক মোঃ আব্দুল হামিদ খান, অরুন কুমার চৌধুরী, চানু গোপাল ঘোষ এবং মোঃ আতিকুল ইসলামকে পদোন্নতি প্রদানপূর্বক একই প্রতিষ্ঠানে মহাব্যবস্থাপক হিসেবে পদায়ন করা হয়েছে।



মোঃ আব্দুল হামিদ খান



অরুন কুমার চৌধুরী



চানু গোপাল ঘোষ



মোঃ আতিকুল ইসলাম

মোঃ আব্দুল হামিদ খান ১৯৮৪ সালে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি এবং ২০০৮ সালে এমবিএ ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৬ সালে নির্বাহী প্রকৌশলী হিসেবে কর্পোরেশনে যোগদান করেন। যোগদানের পর তিনি মাঠ পর্যায়ে ও প্রধান কার্যালয়ে বিভাগীয় প্রধানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

অরুন কুমার চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগ হতে ১ম শ্রেণীতে স্নাতক এবং একই বিভাগ হতে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৬ সালে সিনিয়র অফিসার হিসেবে কর্পোরেশনে যোগদান করেন। যোগদানের পর তিনি মাঠ পর্যায়ে ও প্রধান কার্যালয়ে বিভাগীয় প্রধানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

চানু গোপাল ঘোষ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ হতে স্নাতক ও স্নাতকোত্তর এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস-এ এমবিএ ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৬ সালে সিনিয়র অফিসার হিসেবে কর্পোরেশনে যোগদান করেন। যোগদানের পর তিনি মাঠ পর্যায়ে ও প্রধান কার্যালয়ে বিভাগীয় প্রধানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি বরিশাল জেলার গৌরনদী উপজেলার এক সম্ভ্রান্ত হিন্দু পরিবারে জন্মগ্রহণ করেন।

মোঃ আতিকুল ইসলাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ হতে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯৫ সালে আইন অফিসার হিসেবে কর্পোরেশনে যোগদান করেন। যোগদানের পর তিনি মাঠ পর্যায়ে ও প্রধান কার্যালয়ে বিভাগীয় প্রধানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি নাটোর জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।